৩ মাধব, ১৩ মাঘ, ২৮ জানুয়ারী, রবিবার, কৃষ্ণ তৃতীয়া শেষরাত্রী ৪।২১।৩৭। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী প্রভুর আবির্ভাব ও শ্রীল রামচন্দ্র কবিরাজের তিরোভাব। উঃ ৬।২৩।১৭, অঃ ৫।১৫।৩০।

৪ মাধব, ১৪ মাঘ, ২৯ জানুয়ারী, সোমবার, কৃষ্ণ চতুর্থী অহোরাত্র। শ্রীপাদ যাদবেন্দু ভক্তিচন্দনের তিরোভাব। উঃ ৬।২২।৫৬, অঃ ৫।১৬।১৫।


শ্রীল জয়দেব গোস্বামী প্রভু

## (ফেব্রুয়ারী মাস—২৯ দিন)

৭ মাধব, ১৭ মাঘ, ১ ফেব্রুয়ারী, বৃহস্পতিবার, কৃষ্ণ ষষ্ঠী দিবা ১০।১৫।৪৬। শ্রীল জয়দেব গোস্বামী প্রভুর তিরোভাব। উঃ ৬।২১।৪৮, অঃ ৫।১৮।২৫।

৯ মাধব, ১৯ মাঘ, ৩ ফেব্রুয়ারী, শনিবার, কৃষ্ণ অষ্টমী দিবা ১২।২৮।২০। শ্রীল লোচনদাস ঠাকুরের তিরোভাব। উঃ ৬।২০।৫৮, অঃ ৫।১৯।৪৮।

১১ মাধব, ২১ মাঘ, ৫ ফেব্রুয়ারী, সোমবার, কৃষ্ণ দশমী দিবা ১২।৩৮।১৪। উঃ ৬।২০।৬, অঃ ৫।২১।৮।

১২ মাধব, ২২ মাঘ, ৬ ফেব্রুয়ারী, মঙ্গলবার, কৃষ্ণ একাদশী দিবা ১১।৫৮।৩৬। **ষট্‌তিলা একাদশী ব্রতের উপবাস**। উঃ ৬।১৯।৩৮, অঃ ৫।২১।৪৬।

১৩ মাধব, ২৩ মাঘ, ৭ ফেব্রুয়ারী, বুধবার, কৃষ্ণ দ্বাদশী দিবা ১০।৫১।৩০। **প্রাতঃ ৬।১৯।১০ গতে পূর্ব্বাহ্ন ১০।০।১৪ মধ্যে একাদশীর পারণ।** উঃ ৬।১৯।১০, অঃ ৫।২২।২৪।


শ্রীল ভক্তিশরণ শান্ত মহারাজ

১৫ মাধব, ২৫ মাঘ, ৯ ফেব্রুয়ারী, শুক্রবার, কৃষ্ণ চতুর্দ্দশী দিবা ৭।৩১।৪৬, পরে অমাবস্যা শেষরাত্রী ৫।২৭।৫৩। অমাবস্যার উপবাস। উঃ ৬।১৮।১১, অঃ ৫।২৩।৩৭।

১৬ মাধব, ২৬ মাঘ, ১০ ফেব্রুয়ারী, শনিবার, গৌর প্রতিপদ রাত্রী ৩।১৩।১১। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিগৌরব বৈখানস মহারাজের তিরোভাব ও শ্রীহরিপদ চৌধুরী দাসাধিকারীর নির্য্যাণ। উঃ ৬।১৭।৪১, অঃ ৫।২৪।১৩।

১৭ মাধব, ২৭ মাঘ, ১১ ফেব্রুয়ারী, রবিবার, গৌর দ্বিতীয়া রাত্রী ১২।৫২।১৪। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিশরণ শান্ত মহারাজের তিরোভাব। উঃ ৬।১৭।৯, অঃ ৫।২৪।৪৮।

## ফাল্গুন মাস—৩০ দিন


শ্রীধাম-মায়াপুরে শ্রীযোগপীঠে শ্রীশ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া (৪০৪ গৌরাব্দে প্রকাশিত শ্রীবিগ্রহ)

২০ মাধব, ১ ফাল্গুন, ১৪ ফেব্রুয়ারী, বুধবার, গৌর পঞ্চমী রাত্রী ৬।৩।৪৬। **শ্রীকৃষ্ণের বসন্ত-পঞ্চমী। শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর আবির্ভাব। শ্রীল পুণ্ডরীক বিদ্যানিধি, শ্রীল রঘুনাথ দাস গোস্বামী ও শ্রীল রঘুনন্দন ঠাকুরের আবির্ভাব এবং শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের তিরোভাব।** ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিস্বরূপ পর্ব্বত মহারাজের তিরোভাব।


শ্রীলভক্তিবিবেক ভারতী মহারাজ


শ্রীরামানুজ আচার্য্য


শ্রীমধ্বাচার্য্য

শ্রীসরস্বতী পূজা। উঃ ৬।১৫।৩০, অঃ ৫।২৬।২৭।

২২ মাধব, ৩ ফাল্গুন, ১৬ ফেব্রুয়ারী, শুক্রবার, গৌর সপ্তমী দিবা ২।২৯।১২। **মহাবিষ্ণুর অবতার শ্রীঅদ্বৈত আচার্য্যের আবির্ভাব**। উঃ ৬।১৪।২০, অঃ ৫।২৭।২৮।

২৩ মাধব, ৪ ফাল্গুন, ১৭ ফেব্রুয়ারী, শনিবার, গৌর অষ্টমী দিবা ১।১৩।৪০। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রপন্ন পরিব্রাজক মহারাজের তিরোভাব ও শ্রীপাদ বীরেন্দ্রকৃষ্ণ প্রভুর নির্য্যাণ। উঃ ৬।১০।৪৩, অঃ ৫।২৭।৫৯।

২৪ মাধব, ৫ ফাল্গুন, ১৮ ফেব্রুয়ারী, রবিবার, গৌর নবমী দিবা ১২।২২।৪৮। শ্রীপাদ মধ্বাচার্য্যের তিরোভাব। উঃ ৬।১৩।৬, অঃ ৫।২৮।২৮।

২৫ মাধব, ৬ ফাল্গুন, ১৯ ফেব্রুয়ারী, সোমবার, গৌর দশমী দিবা ১১।৫৯।৫২। শ্রীল রামানুজ আচার্য্যের তিরোভাব। উঃ ৬।১২।২৯, অঃ ৫।২৮।৫৭।

২৬ মাধব, ৭ ফাল্গুন, ২০ ফেব্রুয়ারী, মঙ্গলবার, গৌর একাদশী দিবা ১২।৭।৫৬। **ভৈমী একাদশী ব্রতের ও অগামী কাল শ্রীবরাহদেবের আবির্ভাব উপলক্ষে উপবাস**। উঃ ৬।১১।৫০, অঃ ৫।২৯।২৪।


শ্রীবরাহদেব

২৭ মাধব, ৮ ফাল্গুন, ২১ ফেব্রুয়ারী, বুধবার, গৌর দ্বাদশী দিবা ১২।৪৬।৪৬।
**প্রাতঃ ৬।১১।১১ গতে ৯।৫৭।২৫ মধ্যে বরাহদেবের অর্চ্চনান্তে ভৈমী একাদশীর পারণ।** **শ্রীবরাহদেবের আবির্ভাব।** উঃ ৬।১১।১১, অঃ ৫।২৯।৫১।



শ্রীএকচক্রাধামস্থিত শ্রীচৈতন্য-সারস্বত মঠ কৃষ্ণানুশীলন সংঘ

২৮ মাধব, ৯ ফাল্গুন, ২২ ফেব্রুয়ারী, বৃহস্পতিবার, গৌর ত্রয়োদশী দিবা ১।৫৫।৪২। **শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব।** শ্রীএকচক্রাধামস্থিত শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সংঘে শ্রীগুরু-শ্রীগৌর-শ্রীনিত্যানন্দ বিগ্রহগণের প্রাকট্য বার্ষিকী মহোৎসব। উঃ ৬।১০।২৪, অঃ ৫।৩০।২৭।



শ্রীল নরোত্তম ঠাকুর

২৯ মাধব, ১০ ফাল্গুন, ২৩ ফেব্রুয়ারী, শুক্রবার, গৌর চতুর্দ্দশী দিবা ৩।২৯।১৪। পূর্ব্বাহ্ন ৯।৫৬।৪৪ মধ্যে শ্রীশ্রীনিত্যানন্দ ত্রয়োদশী ব্রতের পারণ। উঃ ৬।৯।৩৬, অঃ ৫।৩১।১।

৩০ মাধব, ১১ ফাল্গুন, ২৪ ফেব্রুয়ারী, শনিবার, পূর্ণিমা সন্ধ্যা ৫।২৩।০। শ্রীকৃষ্ণের মধুরোৎসব। শ্রীল নরোত্তম ঠাকুরের আবির্ভাব। পূর্ণিমার উপবাস। উঃ ৬।৮।৪৬, অঃ ৫।৩১।৩৪।


শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর

## গোবিন্দ মাস—৩০ দিন

৫ গোবিন্দ, ১৬ ফাল্গুন, ২৯ ফেব্রুয়ারী, বৃহস্পতিবার, কৃষ্ণ পঞ্চমী রাত্রী ২।৩২।৫৪। **ভগবান্ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের শুভ আবির্ভাব উপলক্ষে শ্রীশ্রীব্যাস-পূজা মহামহোৎসব।** নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠে শ্রীগোবিন্দকুণ্ডস্থ শ্রীগুপ্তগোবর্দ্ধন শ্রীমন্দির বার্ষিকী মহোৎসব। শ্রীপুরুষোত্তম ঠাকুরের তিরোভাব। উঃ ৬।৪।৩১, অঃ ৫।৩৪।১২।


শ্রীগুপ্তগোবর্দ্ধন মন্দির

## (মার্চ মাস—৩১ দিন)

৬ গোবিন্দ, ১৭ ফাল্গুন, ১ মার্চ, শুক্রবার, কৃষ্ণ ষষ্ঠী রাত্রী ৩।২১।৩৬। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-সারঙ্গ গোস্বামী মহারাজের আবির্ভাব। উঃ ৬।৩।৩৮, অঃ ৫।৩৪।৪৪।

৭ গোবিন্দ, ১৮ ফাল্গুন, ২ মার্চ, শনিবার, কৃষ্ণ সপ্তমী রাত্রী ৩।৩৮।৪৫। অদ্য হইতে তিনদিনব্যাপী শ্রীগঙ্গাসাগরে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ ও শ্রীশ্রীগান্ধর্ব্বা-গোবিন্দ-সুন্দর জীউর প্রাকট্য উপলক্ষে শ্রীচৈতন্য-সারস্বত সেবাসদন


শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ

বার্ষিকী মহোৎসব। উঃ ৬।২।৪৫, অঃ ৫।৩৫।১২।

১০ গোবিন্দ, ২১ ফাল্গুন, ৫ মার্চ, মঙ্গলবার, কৃষ্ণ দশমী রাত্রী ১।৩২।১৪। উঃ ৬।০।৩, অঃ ৫।৩৬।৩৮।

১১ গোবিন্দ, ২২ ফাল্গুন, ৬ মার্চ, বুধবার, কৃষ্ণ একাদশী রাত্রী ১১।৫৮।২৮। **বিজয়া একাদশী ব্রতের উপবাস**। শ্রীপাদ কৃষ্ণ গোবিন্দ দাসাধিকারীর তিরোধান। উঃ ৫।৫৯।৮, অঃ ৫।৩৭।৮।

১২ গোবিন্দ, ২৩ ফাল্গুন, ৭ মার্চ, বৃহস্পতিবার, কৃষ্ণ দ্বাদশী রাত্রী ১০।৬।৩। **প্রাতঃ ৫।৫৮।১৩ গতে পূর্ব্বাহ্ন ৯।৫১।১৯ মধ্যে একাদশীর পারণ**। উঃ ৫।৫৮।১৩, অঃ ৫।৩৭।৩৩।

১৪ গোবিন্দ, ২৫ ফাল্গুন, ৯ মার্চ, শনিবার, কৃষ্ণ চতুর্দ্দশী সন্ধ্যা ৫।৪২।৯। **শ্রীশ্রীশিবরাত্রিব্রত।** শ্রীমদ্ভক্তিনিবাস ভাগবত মহারাজের নির্য্যাণ। উঃ ৫।৫৬।২১, অঃ ৫।৩৮।২৬।

১৫ গোবিন্দ, ২৬ ফাল্গুন, ১০ মার্চ, রবিবার, অমাবস্যা দিবা ৩।১৯।১। প্রাতঃ ৫।৫৫।২৪ গতে পূর্ব্বাহ্ন ৯।৪৯।৫৪ মধ্যে শ্রীশ্রীশিবরাত্রি ব্রতের পারণ। নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠে শ্রীগোবিন্দকুণ্ডের



শ্রীগঙ্গাসাগরে শ্রীবিগ্রহগণ



শিবজী মহারাজ



শ্রীগোবিন্দকুণ্ডের তীরে
শ্রীসদাশিব গঙ্গাধর মন্দির



শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-রাধা-মদনমোহন জীউ, শ্রীতারকেশ্বরধাম

তীরে শ্রীসদাশিব গঙ্গাধরের প্রাকট্য বার্ষিকী মহোৎসব ও তারকেশ্বর শ্রীচৈতন্য-সারস্বত মঠের শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-রাধা-মদনমোহন জীউ বিগ্রহগণের প্রাকট্য মহোৎসব। অমাবস্যার উপবাস। উঃ ৫।৫৫।২৪, অঃ ৫।৩৮।৫২।

১৬ গোবিন্দ, ২৭ ফাল্গুন, ১১ মার্চ, সোমবার, গৌর প্রতিপদ দিবা ১২।৫৫।২৬। শ্রীল রসিকানন্দ দেবগোস্বামী, **বৈষ্ণব সার্ব্বভৌম শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজ** ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিদয়িত মাধব মহারাজের তিরোভাব। উঃ ৫।৫৪।২৮, অঃ ৫।৩৯।১৯।



শ্রীল রসিকানন্দ প্রভু



শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ



শ্রীলভক্তিদয়িত মাধব মহারাজ

১৮ গোবিন্দ, ২৯ ফাল্গুন, ১৩ মার্চ, বুধবার, গৌর তৃতীয়া দিবা ৮।২৫।৫৫।

কৈখালী শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সঙ্ঘের শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বা-রাধারমণসুন্দর জীউ বিগ্রহগণের প্রাকট্য মহোৎসব। উঃ ৫।৫২।৩৩, অঃ ৫।৪০।৯।



শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গগান্ধর্ব্বা-রাধারমণসুন্দর (কৈখালী)

১৯ গোবিন্দ, ৩০ ফাল্গুন, ১৪ মার্চ, বৃহস্পতিবার, গৌর চতুর্থী প্রাতঃ ৬।২৯।১২ পরে গৌর পঞ্চমী শেষরাত্রী ৪।৫০।৩৩। শ্রীল পুরুষোত্তম ঠাকুরের আবির্ভাব। শ্রীপাদ তুলসীদাস দাসাধিকারী প্রভুর নির্য্যাণ। উঃ ৫।৫১।৩৫, অঃ ৫।৪০।৩৪।

## চৈত্র মাস—৩০ দিন

২০ গোবিন্দ, ১ চৈত্র, ১৫ মার্চ, শুক্রবার, গৌর ষষ্ঠী রাত্রী ৩।৩৩।৫৬। পূর্ব্ব-দিনের পঞ্চমী তিথি চতুর্থী বিদ্ধা হওয়ায় অদ্য শ্রীযুক্তা তরঙ্গিনী দেবীর নির্য্যাণ। উঃ ৫।৫০।৩৬, অঃ ৫।৪০।৫৭।




২৪ গোবিন্দ, ৫ চৈত্র, ১৯ মার্চ, মঙ্গলবার, গৌর দশমী রাত্রী ৩।৬।৬। **শ্রীনবদ্বীপধাম পরিক্রমার অধিবাস মহোৎসব। সপ্তদিবসব্যাপী বার্ষিক অধিবেশন ও মহোৎসব আরম্ভ**। উঃ ৫।৪৬।৪২, অঃ ৫।৪২।৩৪।



গৌর আমার যে সব স্থানে করল ভ্রমণ রঙ্গে, সে সব স্থান হেরিব আমি প্রণয়ি-ভকতসঙ্গে

২৫ গোবিন্দ, ৬ চৈত্র, ২০ মার্চ, বুধবার, গৌর একাদশী শেষরাত্রী ৪।১৪।২০। অদ্য একাদশীর উপবাস নহে। **শ্রীনবদ্বীপধাম পরিক্রমা আরম্ভ। শ্রীঅন্তরদ্বীপ ও শ্রীসীমন্তদ্বীপ পরিক্রমা :** শ্রীগঙ্গানগর, শ্রীনন্দনাচার্য্যের ভবন, শ্রীমাধাই ঘাট, শ্রীঈশোদ্যান—শ্রীযোগপীঠ (শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান), শ্রীবাস অঙ্গন, মুরারী গুপ্তের ভবন, শ্রীঅদ্বৈত আচার্য্যের ভবন, শ্রীগদাধর পণ্ডিত রে ভবন, শ্রীচৈতন্য মঠ, শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের সমাধি, শ্রীচাঁদ কাজীর সমাধি, শরডাঙ্গার শ্রীজগন্নাথ মন্দির ও শ্রীশ্রীধর অঙ্গন দর্শন। উঃ ৫।৪৫।৪৩, অঃ ৫।৪২।৫৮।

২৬ গোবিন্দ, ৭ চৈত্র, ২১ মার্চ, বৃহস্পতিবার, গৌর দ্বাদশী অহোরাত্র। **ব্যঞ্জুলী মহাদ্বাদশী ব্রতের উপবাস। শ্রীপাদ মাধবেন্দ্র পুরীপাদের তিরোভাব। শ্রীসীমন্তদ্বীপ ও শ্রীরুদ্রদ্বীপ পরিক্রমা।** উঃ ৫।৪৪।৪৪, অঃ ৫।৪৩।২১।



শ্রীপাদ মাধবেন্দ্র পুরীপাদ

২৭ গোবিন্দ, ৮ চৈত্র, ২২ মার্চ, শুক্রবার, গৌর দ্বাদশী প্রাতঃ ৫।৪৫।৪৫। **প্রাতঃ ৫।৪৩।৪৪ গতে প্রাতঃ ৫।৪৫।৪৫ মধ্যে ব্যঞ্জুলী মহাদ্বাদশীর পারণ। শ্রীকোলদ্বীপ পরিক্রমা**: শ্রীচৈতন্য-সারস্বত মঠ, বৃদ্ধশিব, প্রৌঢ়মায়া, শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী সেবিত শ্রীগৌরাঙ্গের বিগ্রহ, শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজের সমাধি মন্দিরের দর্শন উঃ ৫।৪৩।৪৪, অঃ ৫।৪৩।৪৪।

২৮ গোবিন্দ, ৯ চৈত্র, ২৩ মার্চ, শনিবার, গৌর ত্রয়োদশী দিবা ৭।৩৫।৪৪। **শ্রীগোদ্রুমদ্বীপ ও শ্রীমধ্যদ্বীপ পরিক্রমা**: শ্রীসুরভিকুঞ্জ, স্বানন্দ-সুখদা-কুঞ্জ, শ্রীসুবর্ণ বিহার, শ্রীহরিহরক্ষেত্র, হংসবাহন ও শ্রীনৃসিংহ পল্লীর দর্শন । উঃ ৫।৪২।৪৫, অঃ ৫।৪৪।৮।

২৯ গোবিন্দ, ১০ চৈত্র, ২৪ মার্চ, রবিবার, গৌর চতুর্দ্দশী দিবা ৯।৪২।২১। **শ্রীগৌরাবির্ভাব মহামহোৎসবের আধিবাস। শ্রীকোলদ্বীপ, শ্রীঋতুদ্বীপ, শ্রীজহ্নুদ্বীপ ও শ্রীমোদদ্রুমদ্বীপ পরিক্রমা**: শ্রীসমুদ্রগড়, সুপ্রাচীন শ্রীগৌরগদাধর মন্দির (শ্রীচাঁপাহাটি), বিদ্যানগর (সার্ব্বভৌম গৌড়ীয় মঠ, সার্ব্বভৌম ভট্টাচার্য্যের জন্মস্থান), শ্রীসারঙ্গ মুরারী ও শ্রীবাসুদেব দত্ত ঠাকুরের সেবিত বিগ্রহ, শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের শ্রীপাটের দর্শন। উঃ ৫।৪১।৪৬, অঃ ৫।৪৪।৩১।

৩০ গোবিন্দ, ১১ চৈত্র, ২৫ মার্চ, সোমবার, পূর্ণিমা দিবা ১১।৪৭।৩২। **শ্রীগৌরপূর্ণিমা। শ্রীগৌরাবির্ভাব পৌর্ণমাসীর উপবাস** ও শ্রীশ্রীরাধাগোবিন্দের বসন্তোৎসব ও দোলযাত্রা। **শ্রীচৈতন্য-সারস্বত মঠে ও বিশ্বব্যাপী তৎ শাখাসমূহে শ্রীবিগ্রহগণের বিশেষ ভোগরাগ, পূজা, আরতি, শ্রীচৈতন্য-চরিতামৃত পারায়ণ ও সংকীর্ত্তন মহামহোৎসব। ৫৩৮ শ্রীগৌরাব্দ আরম্ভ।** উঃ ৫।৪০।৪৫, অঃ ৫।৪৪।৫৩।

## বিষ্ণু মাস—২৯ দিন

১ বিষ্ণু, ১২ চৈত্র, ২৬ মার্চ, মঙ্গলবার, কৃষ্ণ প্রতিপদ দিবা ১।৪৩।২৫। **প্রাতঃ ৫।৩৯।৪৬ গতে পূর্ব্বাহ্ন ৯।৪১।৩৬ মধ্যে শ্রীগৌর-পূর্ণিমার পারণ।**



শ্রীজগন্নাথ মিশ্র, শচীমাতা ও নিমাইসুন্দর, শ্রীযোগপীঠ

**শ্রীজগন্নাথ মিশ্রের আনন্দোৎসব। শ্রীধাম নবদ্বীপস্থ শ্রীচৈতন্য-সারস্বত মঠে সাধারণ মহামহোৎসব ও মহাপ্রসাদ বিতরণ।** উঃ ৫।৩৯।৪৬, অঃ ৫।৪৫।১৭।

৫ বিষ্ণু, ১৬ চৈত্র, ৩০ মার্চ, শনিবার, কৃষ্ণ পঞ্চমী সন্ধ্যা ৫।৩৫।১১। শ্রীগুর্ব্বাবির্ভাব পীঠ শ্রীপাট হাপানিয়া শ্রীচৈতন্য-সারস্বত আশ্রমে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-রাধা-গোপীনাথ জীউর শ্রীবিগ্রহগণের প্রাকট্য মহামহোৎসব ও পঞ্চম দোল উৎসব। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিশরণ শান্ত মহারাজের আবির্ভাব। উঃ ৫।৩৫।৪৭, অঃ ৫।৪৬।৪৮।

# শ্রীচৈতন্য মহাপ্রভুর মূল শিক্ষা

**আম্নায়ঃ প্রাহ তত্ত্বং হরিমিহ পরমং সর্ব্বশক্তিং রসব্ধিং**
**তদ্ভিন্নাংশাংশ্চ জীবান্ প্রকৃতি-কবলিতান্ তদ্বিমুক্তাংশ্চ ভাবাৎ।**
**ভেদাভেদ-প্রকাশং সকলমপি হরেঃ সাধনং শুদ্ধভক্তিং**
**সাধ্যং তৎ প্রীতিমেবেত্যুপদিশতি জনান্ গৌরচন্দ্র স্বয়ং সঃ ॥**

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর)

স্বয়ং ভগবান্ শ্রীমদ্ গৌরচন্দ্র এই দশটি তত্ত্ব জীবগণকে উপদেশ করিতেছেন :

(১) আম্নায়-বাক্যই প্রধান প্রমাণ। তদ্দ্বারা নিম্নলিখিত নয়টি সিদ্ধান্ত উপদিষ্ট হইয়াছে।

(২) কৃষ্ণস্বরূপ হরি জগন্মধ্যে পরমতত্ত্ব।

(৩) তিনি সর্ব্বশক্তিমান্।

(৪) তিনি অখিল-রসামৃত-সমুদ্র।

(৫) জীবসকল হরির বিভিন্নাংশ তত্ত্ব।

(৬) তটস্থ গঠনবশতঃ জীবসকল বদ্ধদশায় প্রকৃতিকর্ত্তৃক কবলিত।

(৭) তটস্থ ধর্ম্মবশতঃ জীবসকল মুক্তদশায় প্রকৃতি হইতে মুক্ত।

(৮) জীব-জড়াত্মক সমস্ত বিশ্বই শ্রীহরি হইতে যুগপৎ ভেদ ও অভেদ।

(৯) শুদ্ধভক্তিই জীবের সাধন।

(১০) শুদ্ধ-কৃষ্ণপ্রীতিই জীবের সাধ্য।

## শুদ্ধভক্তির ক্রমপন্থা

(শ্রীল রূপ গোস্বামী প্রভুর শ্রীভক্তিরসামৃতসিন্ধু হইতে উদ্ধৃত)

(১) **শ্রদ্ধা**—সাধুসঙ্গে শাস্ত্র-শ্রবণদ্বারা শাস্ত্রের অর্থে বিশ্বাস।

(২) **সাধুসঙ্গ**—দ্বিতীয় সাধুসঙ্গ, ভজনরীতি-শিক্ষার জন্য ইহাই গুরুপদাশ্রয়।

(৩) **ভজনক্রিয়া**—গুরু ও সাধুগণের উপদেশ-ক্রমে শ্রবণ-কীর্ত্তনাদিরূপ ভজন।

(৪) **অনর্থনিবৃত্তি**—পরমপুরুষার্থ বিরোধী পাপ, অবিদ্যাদি ক্লেশ ক্ষয়।

(৫) **নিষ্ঠা**—চিত্তবিক্ষেপশূন্য নিরন্তর ভজন।

(৬) **রুচি**—বুদ্ধিপূর্ব্বক ভজনে বা ভজনীয় বিষয়ে অভিলাষ।

(৭) **আসক্তি**—ভজনে বা ভজনীয় বিষয়ে স্বাভাবিকী রুচি।

(৮) **ভাব**—প্রেমসূর্য্যের কিরণস্থলীয় বিশুদ্ধসত্ত্বরূপ রুচিদ্বারা চিত্তকে যে তত্ত্ব মসৃণ

করে, তাহাকেই 'ভাব' বলে।

(৯) **প্রেম** — যখন সেই ভাব চিত্তকে সম্যক্ মসৃণ করিয়া অত্যন্ত মমতা দ্বারা পরিচিত হয় এবং স্বয়ং গাঢ়-স্বরূপ হয়, তখন তাহাকে পণ্ডিতসকল 'প্রেম" বলিয়া উক্তি করেন।

## চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীচৈতন্যচরিতামৃতের অমৃতপ্রবাহভাষ্য হইতে উদ্ধৃত)

(১) গুরুপাদাশ্রয়, (২) মন্ত্রদীক্ষা, (৩) গুরুসেবা, (৪) সদ্ধর্ম্ম শিক্ষা ও জিজ্ঞাসা, (৫) সাধুদিগের পথানুগমন, (৬) কৃষ্ণপ্রীতির জন্য নিজের ভোগত্যাগ, (৭) কৃষ্ণতীর্থে বাস, (৮) যাহামাত্র পাইলে জীবন নির্ব্বাহ হয়, সেইরূপ পরিমাণে প্রতিগ্রহ, (৯) একদশীর উপবাস, (১০) ধাত্রি-অশ্বত্থ-গো-বিপ্র-বৈষ্ণবের সম্মান, (১১) সেবাপরাধ ও নামাপরাধকে দূরে বর্জ্জন, (১২) অবৈষ্ণব-সঙ্গত্যাগ, (১৩) বহুশিষ্য না করা, (১৪) বহুগ্রন্থের কলা অর্থাৎ আংশিক অভ্যাস এবং ব্যাখ্যাবাদত্যাগ, (১৫) হানিতে এবং লাভে সমবুদ্ধি, (১৬) শোকাদির বশ না হওয়া, (১৭) অন্য দেবতা বা শাস্ত্রের অবজ্ঞা না করা, (১৮) বিষ্ণু ও বৈষ্ণবের নিন্দা না শুনা, (১৯) গ্রাম্যবার্ত্তা অর্থাৎ স্ত্রী-পুরুষের ইন্দ্রিয়তর্পণমূলক গৃহবার্ত্তা না শুনা, (২০) প্রাণিমাত্রের মনের উদ্বেগ না জন্মান, ব্যবহারে অকার্পণ্য, মহারম্ভের অনুদ্যম, (২১) শ্রবণ, (২২) কীর্ত্তন, (২৩) স্মরণ, (২৪) পূজন, (২৫) বন্দন, (২৬) পরিচর্য্যা, (২৭) দাস্য, (২৮) সখ্য, (২৯) আত্মনিবেদন, (৩০) শ্রীবিগ্রহের অগ্রে নৃত্য, (৩১) গীত, (৩২) বিজ্ঞপ্তি, (৩৩) দণ্ডবৎ প্রণাম, (৩৪) অভ্যুত্থান অর্থাৎ ভগবান্ বা ভক্ত আসিতেছেন দেখিয়া দাঁড়ান, (৩৫) অনুব্রজ্যা অর্থাৎ ভক্ত বা ভগবান্ যাত্রা করিলে পশ্চাৎ পশ্চাৎ যাওয়া, (৩৬) তীর্থে এবং ভগবদ্ গৃহে গমন, (৩৭) পরিক্রমা, (৩৮) স্তবপাঠ, (৩৯) জপ, (৪০) সংকীর্ত্তন, (৪১) ভগবৎ-প্রসাদী ধূপ ও মাল্যের গন্ধগ্রহণ, (৪২) মহাপ্রসাদ সেবন, (৪৩) আরত্রিক-মহোৎসব-দর্শন, (৪৪) শ্রীমূর্ত্তি-দর্শন, (৪৫) নিজ প্রিয়বস্তু ভগবান্‌কে অর্পণ, (৪৬) ধ্যান, (৪৭) তুলসী-সেবন, (৪৮) বৈষ্ণব-সেবন, (৪৯) মথুরাদিসেবন, (৫০) ভগবতের আস্বাদ, (৫১) কৃষ্ণের জন্য অখিল চেষ্টা, (৫২) তাঁহার কৃপা-প্রতীক্ষা, (৫৩) ভক্তগণের সহিত জন্মদিনাদির মহোৎসব, (৫৪) সর্ব্বপ্রকারে শরণাপত্তি, (৫৫) কার্ত্তিকাদি ব্রত, দেহে (৫৬) বৈষ্ণবচিহ্নধারণ, দেহে (৫৭) হরিনামাক্ষরধারণ, দেহে (৫৮) নির্ম্মাল্যধারণ, (৫৯) চরণামৃত পান, (৬০) সাধুসঙ্গ, (৬১) নামকীর্ত্তন, (৬২) ভাগবৎ-শ্রবণ, (৬৩) মথুরাবাস, (৬৪) শ্রদ্ধাপূর্ব্বক শ্রীমূর্ত্তি-সেবা।

## চতুর্থ প্রকার অনর্থ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীভজনরহস্য হইতে উদ্ধৃত)

(১) **তত্ত্ব বিভ্রম**—(ক) স্বতত্ত্বে ভ্রম, (খ) পরত্ত্বে ভ্রম, (গ) সাধ্য-সাধন-তত্ত্বে ভ্রম, (ঘ) বিরোধী বিষয়ে ভ্রম। (২) **অসত্তৃষ্ণা**—(ক) ঐহিক বিষয়ে এষণা অর্থাৎ ইচ্ছা বা অন্বেষণ, (খ) পারত্রিক বিষয়ে অশুভা এষণা, (গ) যোগ-বিভূতিবাঞ্ছা ও মোক্ষ কামনা। (৩) **অপরাধ**—(ক) নামাপরাধ, (খ) সেবাপরাধ, (গ) বৈষ্ণবাপরাধ, (ঘ) ধামাপরাধ, (ঙ) জীবাপরাধ। (৪) **হৃদয়দৌর্ব্বল্য**—(ক) তুচ্ছ অর্থাৎ কৃষ্ণেতর বিষয়ে আসক্তি, (খ) কুটীনাটী অর্থাৎ কপটতা, (গ) মাৎসর্য্য অর্থাৎ পরশ্রী কাতরতা, ও (ঘ) প্রতিষ্ঠাশা।

## পঞ্চরোগ

(১) **অবিদ্যা**— অজ্ঞান অর্থাৎ জীব নিজের চিৎস্বরূপ ভুলিয়াছে।

(২) **অস্মিতা**— স্থুল জড়দেহে আত্মবুদ্ধি ও স্ত্রী-পুত্রাদির নশ্বরদেহে মমতাবুদ্ধি।

(৩) **রাগ**— দেহের অনুকূল জড়বিষয়ে তীব্র আসক্তি।

(৪) **দ্বেষ**— বিষয় ভোগের প্রতিকূল বিষয়ে দ্বেষবুদ্ধি।

(৫) **অভিনিবেশ**— অনুকূল বিষয়ের প্রতি মমতা বা আবিষ্টতা এবং তাহার ত্যাগে অসহিষ্ণুতা।

## বদ্ধজীবের চারপ্রকার দোষ

(শ্রীচৈতন্যচরিতামৃত হইতে উদ্ধৃত)

(১) **ভ্রম**— যে বস্তু যাহা নহে, তৎসম্বন্ধে মিথ্যজ্ঞান; যথা— রজ্জুতে সর্পভ্রম, শুক্তিতে রজত-ভ্রম। (২) **প্রমাদ**—অনবধানতা, এককথা অন্যপ্রকারে উপলব্ধি করা বা শ্রবণ করা বা বলা। (৩) **বিপ্রলিপ্সা**—বঞ্চনেচ্ছু। (৪) **করণাপাটব**—ইন্দ্রিয়ের অপটুতা; যথা— চক্ষুর দূরদর্শনরাহিত্য, ক্ষুদ্রবস্তুদর্শনরাহিত্য, কাম্‌লাদিরোগে বর্ণ (রূপ) জ্ঞানের বিপর্য্যয়, সুদূর-স্থিত শব্দশ্রবণে অক্ষমতা।

## দশবিধ নামাপরাধ

(১) সাধুনিন্দা, (২) কৃষ্ণেতর দেবতায় স্বতন্ত্র ভগবদ্‌জ্ঞান, (৩) গুর্ববজ্ঞা, (৪) শ্রুতিশাস্ত্র-নিন্দন, (৫) শ্রীহরিনামে অর্থবাদ, (৬) শ্রীনামে কল্পনা জ্ঞান, (৭) শ্রীনামবলে পাপবুদ্ধি, (৮) শ্রীহরিনাম গ্রহণকে প্রমাদবশতঃ অন্য শুভকর্মের সহিত সমান জ্ঞান,

(৯) জড়-আসক্তি-ক্রমে শ্রদ্ধাহীনে নাম-দান, (১০) শ্রীনাম-মাহাত্ম্য শ্রবণ করিয়াও জড় অহং-মমাদি ভাবপ্রযুক্ত নামের প্রতি অপ্রীতি।

## চতুর্থ প্রকার সাধুনিন্দা

যিনি বৈষ্ণবের (১) জাতি দোষ, (২) কাদাচিৎক অর্থাৎ প্রমাদাগত দোষ, (৩) নষ্টপ্রায় দোষ, (৪) শরণাগতির পূর্ব্বাচরিত দোষ ধরিয়া বৈষ্ণবকে নিন্দা করেন, তিনি বৈষ্ণব নিন্দুক।

## ৩২ প্রকার সেবাপরাধ

(১) যানাদি-যোগে অথবা পাদুকা পরিধান করিয়া ভগবদ্-গৃহে গমন, (২) ভগবজ্জন্মাদি যাত্রার উৎসব না করা, (৩) শ্রীবিগ্রহের সম্মুখে প্রণাম না করা, (৪) উচ্ছিষ্টগাত্রে অথবা অশুচি অবস্থায় শ্রীবিগ্রহের বন্দনা, (৫) একহস্তে প্রণাম, (৬) শ্রীবিগ্রহের সম্মুখে পায়চারি করা, (৭) শ্রীবিগ্রহের সম্মুখে পাদ-প্রসারণ, (৮) পর্যঙ্ক-বন্ধন অর্থাৎ শ্রীবিগ্রহের অগ্রে হস্তদ্বয়দ্বারা জানুদ্বয় বন্ধনপূর্ব্বক উপবেশন, (৯–১৭) শ্রীবিগ্রহের সম্মুখে শয়ন, ভোজন, মিথ্যাভাষণ, উচ্চৈঃস্বরে কথা বলা , পরস্পর ইত কথার আলোচনা, রোদন, কলহ, কাহারও প্রতি নিগ্রহ, কাহারও প্রতি অনুগ্রহ, (১৮) সাধারণের প্রতি নিষ্ঠুর-বাক্য-ব্যবহার, (১৯) লোমকম্বলে আবৃত হইয়া সেবাকার্যাদি করা, (২০-২৩) শ্রীমূর্তির সম্মুখে পরনিন্দা, পরস্তুতি, অশ্লীল-বাক্য ব্যবহার, অপানবায়ু পরিত্যাগ, (২৪) বিত্তশাঠ্য অর্থাৎ সামর্থ্য থাকিতে অল্প উপচারে অথবা অল্প ব্যয়ে পূজা ও উৎসবাদি করা, (২৫) অনিবেদিত বস্তু গ্রহণ, (২৬) যে সময়ে যে ফল ও শস্যাদি উৎপন্ন হয়, সেই সময়ে তাহা অর্পণ না করা, (২৭) সংগৃহীত দ্রব্যের অগ্রভাগ অন্যকে প্রদান করিয়া অবশিষ্টাংশ ব্যঞ্জনে প্রদান, (২৮)শ্রীমূর্তিকে পশ্চাতে রাখিয়া উপবেশন, (২৯)শ্রীমূর্তির সম্মুখে অন্যকে অভিবাদন, (৩০) গুরুদেবের অগ্রে স্তবাদি না করিয়া মৌনভাবে অবস্থান, (৩১) শ্রীগুরুদেবের সম্মুখে আত্ম-প্রশংসা, (৩২) দেবতা-নিন্দা।

## দশবিধ ধামাপরাধ

(১) শ্রীধাম-প্রদর্শক শ্রীগুরু ও সাধুকে অবজ্ঞা, (২) শ্রীধামকে অনিত্য-বোধ, (৩) শ্রীধামবাসী ও ভ্রমণকারীর প্রতি হিংসা ও জাতিবুদ্ধি, (৪) শ্রীধামে বসিয়া বিষয়কার্যাদির অনুষ্ঠান, (৫) শ্রীধাম-সেবাচ্ছলে শ্রীধাম-বিগ্রহের ব্যবসায় ও অর্থোপার্জন, (৬) জড়-বুদ্ধিতে ধামের সহিত জড়দেশের অথবা অন্য দেবতীর্থের

সমজ্ঞান ও পরিমাণচেষ্টা, (৭) শ্রীধামবাস-বলে পাপাচরণ, (৮) শ্রীনবদ্বীপ ও শ্রীবৃন্দাবনে ভেদজ্ঞান, (৯) ধামমাহাত্ম্যমূলক শাস্ত্র-নিন্দা এবং (১০) শ্রীধাম-মাহাত্ম্যে অবিশ্বাসমূলে অর্থবাদ ও কল্পনা-জ্ঞান।

## কলির পাঁচ স্থান

(শ্রীমদ্ভাগবতম্ হইতে উদ্ধৃত)

(১) **দ্যূত**; যথা—তাস, দাবা, পাশা, ঘোড়দৌড়, জলের খেলা, জুয়া, লটারি, সতরঞ্চ, দশপঁচিশ, বাঘবন্দী, প্রভৃতি। তার মধ্যে মিথ্যা থাকে। এই করিলে সত্যের নাশ হয়।

(২) **পান**—তাম্বূল, গুবাক, নস্য, তামাক, গাঁজা, অহিফেন, সুরা, ভাং, কালকূট, ধুস্তর, তাড়ি, প্রভৃতি। মাধ্বিক, ঐক্ষব, দ্রাক্ষ্য, তাল, খর্জ্জুর, পনসজাত, মৈরেয়, মাক্ষিক, টাঙ্ক, মাধুক, নারিকেলজাত ও অন্নজাত এই দ্বাদশপ্রকার মদ্যও পান মধ্যে গণ্য। তার মধ্যে গর্ব্ব থাকে। এই করিলে দয়ার নাশ হয়।

(৩) **স্ত্রী**—অবৈধ স্ত্রীসঙ্গ ও নিজ বৈধ স্ত্রীতে আসক্তি (এবং স্ত্রীসঙ্গীর সঙ্গ)। তার মধ্যে কাম থাকে। এই করিলে শৌচের নাশ হয়।

(৪) **সূনা**—নিজ দেহ পোষণের জন্য অপরকে হত্যা করা। প্রাণিবধের মধ্যে হিংসা থাকে। এই করিলে সত্য, দয়া, শৌচ এবং তপের নাশ হয়। পশুহননে অনুমোদনকারী, হতপশুর মাংসবিভাগকারী, স্বয়ং হন্তা, মাংসক্রয়বিক্রয়কারী, পাচক, পরিবেশক, এবং ভক্ষক এই কয়জনই ঘাতকশ্রেণীভুক্ত।

(৫) **জাত**—সুবর্ণ, রৌপ্যাদি দ্রব্য এবং টাকা পসায়া। স্বর্ণের মধ্যে মিথ্যা, গর্ব্ব, স্ত্রীজনিত কাম, হিংসা, ও শত্রুতা নামক একটী পঞ্চম অনর্থ বিরাজিত।

## ভক্তির প্রতিকূল

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীউপদেশামৃতের পীযূষবর্ষিণী বৃত্তি হইতে উদ্ধৃত)

(১) **বাক্যবেগ**—ভূতোদ্বেগকারী বচনপ্রয়োগ।

(২) **মনবেগ**—নানাবিধ মনোরথ।

(৩) **ক্রোধবেগ**—রূঢ়বাক্যাদি-প্রয়োগ।

(৪) **জিহ্বাবেগ**—মধুর-অম্ল-কটু-লবণ-কষায়-তিক্তভেদে ষড়বিধ রস-লালসা।

(৫) **উদরবেগ**—অত্যন্ত ভোজন-প্রয়াস।

(৬) **উপস্থবেগ**—স্ত্রী-পুরুষ-সংযোগ-লালসা।

## ভক্তির কণ্টক

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীউপদেশামৃতের পীযূষবর্ষিণী বৃত্তি হইতে উদ্ধৃত)

(১) **অত্যাহার**— অধিক আহরণ বা সংগ্রহ বা সঞ্চয়চেষ্টা ।

(২) **প্রয়াস**— ভক্তি-বিরোধিচেষ্টা বা বিষয়োদ্যম ।

(৩) **প্রজল্প**— কালহরণকারী অনাবশ্যক গ্রাম্যকথা ।

(৪) **নিয়মাগ্রহ**— উচ্চাধিকার-প্রাপ্ত-সময়ে নিম্নাধিকারগত নিয়মে আগ্রহ এবং ভক্তিপোষক নিয়মের অগ্রহণ ।

(৫) **জনসঙ্গ**— শুদ্ধভক্ত-জনসঙ্গ ব্যতীত অন্যজনসঙ্গ ।

(৬) **লৌল্য**— নানামতবাদি-সঙ্গে অস্থির-সিদ্ধান্ত অর্থাৎ চাঞ্চল্য এবং তুচ্ছ বিষয়ে আকৃষ্ট হওয়া ।

## ভক্তির অনুকূল

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীউপদেশামৃতের পীযূষবর্ষিণী বৃত্তি হইতে উদ্ধৃত)

(১) **উৎসাহ**— ভক্তির অনুষ্ঠানে ঔৎসুক্য, আদরের সহিত অনুশীলন ।

(২) **নিশ্চয়**— দৃঢ় বিশ্বাস ।

(৩) **ধৈর্য্য**— অভীষ্ট লাভে বিলম্ব দেখিয়া সাধনাঙ্গে শৈথিল্য না করা ।

(৪) **ভক্তিপোষক কর্ম্ম**— শ্রবণ-কীর্ত্তনাদি করা এবং শ্রীকৃষ্ণের জন্য স্বীয় ভোগ- সুখ-পারিত্যাগাদি ।

(৫) **সঙ্গত্যাগ**— অধর্ম্ম, স্ত্রীসঙ্গ ও স্ত্রৈণভাবরূপ যোষিৎসঙ্গ, যোষিৎসঙ্গি-সঙ্গ এবং অভক্ত অর্থাৎ বিষয়ী, মায়াবাদী, নিরীশ্বর ও ধর্ম্মধ্বজীর সঙ্গত্যাগ ।

(৬) **সদ্বৃত্তি**— সাধুগণ যে সদাচার অনুষ্ঠান করিয়াছেন এবং যে বৃত্তির দ্বারা জীবন নির্ব্বাহ করিয়াছেন, ইহাই সদ্বৃত্তি ।

## জয় ধ্বনি

জয় সপরিকর শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বা-গোবিন্দসুন্দর জীউ কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি তিলক নিরীহ মহারাজ কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি নির্ম্মল আচার্য্য মহারাজ কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি সুন্দর গোবিন্দ দেব-গোস্বামী মহারাজ কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি রক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ কী জয়

! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী ভগবান্ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজ কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর কী জয় ! জয় ওঁ বিষ্ণুপাদ শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজ কী জয় ! শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু কী জয় ! শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর কী জয় ! শ্রীনরোত্তম, শ্যামানন্দ, শ্রীনিবাস আচার্য্য প্রভু কী জয় ! শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর কী জয় ! শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী কী জয় ! শ্রীরূপ, সনাতন, ভট্ট রঘুনাথ, শ্রীজীব, গোপাল ভট্ট, দাস রঘুনাথ — ষড়্-গোস্বামী প্রভু কী জয় ! শ্রীরূপানুগ গুরুবর্গ কী জয় ! নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুর কী জয় ! শ্রীল স্বরূপ দামোদর, শ্রীল রায় রামানন্দ, শ্রীগৌরশক্তিবর্গ কী জয় ! প্রমসে কহো শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ শ্রীঅদ্বৈত গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ কী জয় ! সপার্ষদ শ্রীনিত্যানন্দ প্রভু কী জয় ! সপার্ষদ শ্রীমন মহাপ্রভু কী জয় ! শ্রীনবদ্বীপধাম কী জয় ! শ্রীপুরুষোত্তমধাম কী জয় ! বলদেব-সুভদ্রা-জগন্নাথ জীউ কী জয় ! শ্রীবৃন্দাবনধাম কী জয় ! শ্রীশ্রীরাধাকৃষ্ণ, গোপ-গোপী, শ্যামকুণ্ড, রাধাকুণ্ড, গিরিগোবর্দ্ধন কী জয় ! গঙ্গা, যমুনা কী জয় ! বৃন্দাদেবী, তুলসীদেবী, শ্রীভক্তিদেবী কী জয় ! গ্রন্থরাজ শ্রীমদ্ভাগবতম্, শ্রীচৈতন্যচরিতামৃত কী জয় ! আকর মঠরাজ শ্রীচৈতন্য মঠ কী জয় ! তদীয় শাখা মঠসমূহ কী জয় ! শ্রীচৈতন্য-সারস্বত মঠ কী জয় ! বিশ্বব্যাপী তদীয় শাখা মঠ কী জয় ! অনন্তকোটী বৈষ্ণববৃন্দ কী জয় ! সমবেত বৈষ্ণববৃন্দ কী জয় ! হরিনাম-সঙ্কীর্ত্তন কী জয় ! নিতাই গৌর প্রেমানন্দে হরি বোল !

## শ্রীহরিবাসর তিথি বিধি

**প্রশ্নঃ কখন শ্রীহরিবাসর তিথি পালনীয় ?**

**উত্তর**ঃ ভগবান্ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর লিখেছেন যে "একাদশীতে অরুণোদয়-বিদ্ধা ত্যাগ এবং অন্যব্রতে সূর্য্যোদয়-বিদ্ধা ত্যাগ করিয়া অবিদ্ধা ব্রতই পালনীয়। বিদ্ধা-ব্রত-পালন দোষ এবং অবিদ্ধা ব্রতপালনেই ভক্তি হয়"। শ্রীহরিভক্তিবিলাসমতে বছরের সকল শুদ্ধ (অবিদ্ধা) ব্রত তিথি বিশুদ্ধ সারস্বত গৌড়ীয় পঞ্জিকায় জানা যাবে।

**প্রশ্নঃ শ্রীএকাদশীব্রতের পালন করতে হবে কেন ?**

**উত্তরঃ** ষড়্ গোস্বামী অন্যতম মহাজন শ্রীল সনাতন গোস্বামী প্রভু লিখেছেন একাদশীব্রতের নিত্যতার (অবশ্য-কর্ত্তব্যতা) চারিটি কারণ —

**তচ্চ কৃষ্ণপ্রীণনত্বাদ্বিধিপ্রাপ্তত্বতস্তথা।**
**ভোজনস্য নিষেধাচ্চাকরণে প্রত্যবায়তঃ॥**

(শ্রীহরিভক্তিবিলাসঃ ১২।৪)

"(১) শ্রীকৃষ্ণপ্রীতিহেতু, (২) শাস্ত্রীর বিধি থাকায়, (৩) ব্রতদিনে (অন্ন) ভোজন নিষেধ থাকায় এবং (৪) ব্রত অকরণে দোষভাগী হইতে হয়"। তিনি তাঁহার নিজ-কৃত ভাষ্য ব্যাখ্যা করেছিলেন যে যদিও অকরণে দোষভাগীতা মুখ্য নিত্যতা, তবুও শুদ্ধভক্তগণের পক্ষে শ্রীকৃষ্ণপ্রীতিহেতুতাই পরম মুখ্য, এই কারণে তিনি তাহাই প্রথম লিখেছিলেন এবং আরো বলেছেন—

**তত্র ব্রতস্য নিত্যত্বাদবশ্যং তৎ সমাচরেৎ।**
**সর্ব্বপাপাহং সর্ব্বার্থদং শ্রীকৃষ্ণতোষণম্॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।৩)

"এই শ্রীহরিবাসর-ব্রতের নিত্যতাহেতু সর্ব্বপাপহারী, সর্ব্বফলপ্রদ ও শ্রীকৃষ্ণতোষণ-ব্রত অবশ্য সম্পূর্ণভাবে আচরণ করিবেন"।

**একাদশীব্রতং নাম সর্ব্বকামফলপ্রদম্।**
**কর্ত্তব্যং সর্ব্বদা বিপ্রৈর্বিষ্ণুপ্রীণনকারণম্॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।৭ সংখ্যায় বৃহন্নারদীয়পূরণ-বাক্য)

"সকল কামফলপ্রদ শ্রীএকাদশীব্রত বিষ্ণু-তোষণের জন্যই বিপ্রগণের সর্ব্বদা আচরণ করা কর্ত্তব্য"। আনুষঙ্গিক ফলস্বরূপ চতুর্ব্বর্গ ফল (ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ) এসে গেলেও ঐকান্তিক শুদ্ধভক্ত ঐ সকল তুচ্ছ ফল অনুরক্ত না হয়ে পঞ্চমপুরুষার্থ প্রেমফল লাভে আগ্রহী হয়ে থাকেন।

**প্রশ্ন: শ্রীএকাদশীতে অন্ন শস্যাদি গ্রহণ নিষেধ কেন ?**

**উত্তর:** শাস্ত্র এই রূপ বলেছেন—

**যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাসমানি চ।**
**অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সম্প্রাপ্তে হরিবাসরে।**
**তানি পাপান্যবাপ্নোতি ভুঞ্জানো হরিবাসরে**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।১৯ সংখ্যায় বৃহন্নারদীয়পূরণ-বাক্য)

"ব্রহ্মহত্যা ও তৎসম এবং যতকিছু পাপ শ্রীহরিবাসরদিনে অন্নকে আশ্রয় করে থাকে। সুতরাং একাদশীতে অন্ন ভোজনকারী ব্যক্তি ঐসকল পাপ যুক্ত হয়।"

**সোঽশ্নাতি পার্থিবং পাপং যোঽশ্নোতি মধুভির্দ্দিনে।**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।২০ সংখ্যায় বৃহন্নারদীয়পূরণ-বাক্য)

"যে ব্যক্তি শ্রীহরিবাসরে অন্ন ভোজন করে, সেই ব্যক্তি পৃথিবীর যতকিছু পাপ ভোগ করে।"

**মাতৃহা পিতৃহা চৈব ভ্রাতৃহা গুরুহা তথা।**
**একাদশ্যান্তু যো ভুঙ্‌ক্তে বিষ্ণুলোকাচ্চ্যুতো ভবেৎ॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।২১ সংখ্যায় বৃহন্নারদীয়পূরণ-বাক্য)

"যে ব্যক্তি একাদশীতে অন্ন ভোজন করে, সেই ব্যক্তি মাতৃহত্যা, পিতৃহত্যা, ভ্রাতৃহত্যা ও গুরুহত্যার পাপ সকল প্রাপ্ত হয় এবং বিষ্ণুলোকে কখনও গমন করতে পরে না, বা বৈষ্ণবধর্ম্মচ্যুত হওয়ায় বৈষ্ণব সঙ্গ পায় না।"

ইত্যাদি শাস্ত্র প্রমাণ অনুসারে শ্রীএকাদশীতে উপবাস করা কর্ত্তব্য।

**প্রশ্ন: উপবাস কাহাকে বলে ?**

**উত্তর:** নিকটে বাস। গৃহকার্য্য-বিষয়কার্য্যাদি পরিত্যাগ করে ভগবানের নিকটে বাস। যথা—

**উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ।**
**উপবাসঃ স বিজ্ঞেয়ঃ সর্ব্বভোগবিবর্জ্জিতঃ॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১৩।৩৫ সংখ্যায় বৃহন্নারদীয়পূরণ-বাক্য)

"সকল পাপ হতে নিবৃত্ত হয়ে সদ্‌গুণ সমূহের সহিত যে মনুষ্যের বাস হয়, তাহাকে উপবাস বলে, এই উপবাসে সমস্ত ভোগ বর্জ্জিত জানতে হবে"।

**বৈষ্ণবো যদি ভুঞ্জীত একাদশ্যাং প্রমাদতঃ।**
**বিষ্ণ্বর্চ্চনং বৃথা তস্য নরকং ঘোরমাপ্নুয়াৎ॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।৩২ সংখ্যায় ব্রহ্মবৈবর্ত্তপূরণ-বাক্য)

"বৈষ্ণব যদি ভ্রম বশতঃ একাদশীতে অন্ন ভোজন করে, তবে তাহার বিষ্ণুপূজা বিফল হয় এবং তাহার ভয়ঙ্কর নরক প্রাপ্তি হয়"।

**প্রশ্ন: কিভাবে শ্রীহরিবাসর তিথি পালন করতে হবে ?**

**উত্তর:** শ্রীহরিবাসরের মূলকৃত্য শ্রবণ, কীর্ত্তনাদি নববিধা-ভক্তি যজন। যেমন শ্রীমন্মহাপ্রভু বলেন (শ্রীশ্রীপ্রেমবিবর্ত্ত: ১৮।১০,২১)—

**শ্রীহরিবাসর-দিনে কৃষ্ণনামরসপানে**
**তৃপ্ত হয় বৈষ্ণব সুজন।**
**অন্য রস নাহি লয় অন্য কথা নাহি কয়**
**সর্ব্বভোগ করয়ে বর্জ্জন॥**
**শ্রীনামভজন আর একাদশী ব্রত।**
**এক-তত্ত্ব নিত্য জানি' হও তাহে রত॥**

শ্রীহরি-বাসরে অধিক কীর্ত্তনদ্বয় করণীয় — সকালে শ্রীহরিবাসরে হরিকীর্ত্তন-বিধান ও রাত্রিতে শুদ্ধ ভকত-চরণ-রেনু ভজন-অনুকূল। শ্রীহরিবাসরে উপবাস এবং পারণ করা কর্ত্তব্য, যেমন (প্রেমবিবর্ত্তঃ ১৮।১১) —

**প্রসাদ ভোজন নিত্য শুদ্ধ বৈষ্ণবের কৃত্য**
**অপ্রসাদ না করে ভক্ষণ।**
**শুদ্ধা একাদশী যবে নিরাহার থাকে তবে**
**পারণেতে প্রসাদ ভোজন॥**

পঞ্জিকায় উল্লিখিত পারণ সময়ের মধ্যে শ্রীএকাদশী ব্রত ভঙ্গের জন্য মহাপ্রসাদাদি গ্রহণ অবশ্য কর্ত্তব্য। শ্রীহরিবাসরে যেন সারাদিন সেবা-সাধনে থাকা যায় তার জন্য শাস্ত্র অনুমোদিত অনুকল্প গ্রহণীয়, যেমন (প্রেমবিবর্ত্তঃ ১৮।১২) —

**অনুকল্পস্থানমাত্র নিরন্ন প্রসাদপাত্র**
**বৈষ্ণবকে জানিহ নিশ্চিত।**

শ্রীএকাদশীতে অনুকল্প আয়োজন এই রূপ —

**অষ্টৈতান্যব্রতঘ্নানি আপো মূলং ফলং পয়ঃ।**
**হবির্ব্রাহ্মণকাম্যা চ গুরোর্বচনমৌষধম্॥**

(শ্রীহরিভক্তিবিলাস ১২।৪০ সংখ্যায় মহাভারত-বাক্য)

"জল, ফল, মূল, দুগ্ধ, ঘৃত ও ব্রাহ্মণ প্রার্থনীয়, গুরুবাক্য ও ঔষধ — এই আটটি ব্রতনাশক হয় না"। শ্রীমঠে ভক্তগণ এইভাবে অনুকল্প গ্রহণ করেন —

**সকালে** — পূর্ণ উপবাস।

**মধ্যাহ্নে** — লবণ, গোল মরীচ, জীরা, আদা সহ আলু পেপে তরকারি, আলু ভাজা, বিভিন্ন ফল (কলা, শশা আদি), বাদাম, পেপে মিষ্টি আলু পায়েস বা সাগু।

**রাত্রিতে** — আলু পেপে তরকারি, আলু ভাজা, বাদাম, দুধ।

শুধু ঘি, বাদাম তেল, সূর্য্যমুখী তেল ব্যবহার করা যাবে। শস্যযুক্ত কোন দ্রব্য যেমন গুড়া মশলা, ময়দাযুক্ত সাগু ইত্যাদি গ্রহণ করা যাবে না। সেইজন্য ঘরের তৈরী ঘি, ছানা অথবা নারকেল মিষ্টি দ্রব্য গ্রহণ করা যাবে। এই সকল পঞ্চ রবিশস্য অবশ্যই বর্জ্জনীয় —
**(১)** ধান্য অথবা ধান্যজাতীয় দ্রব্য — চাল, চিড়া, মুড়ি প্রভৃতি, **(২)** গোধূম — আটা, ময়দা প্রভৃতি, **(৩)** যব — যবের ছাতু, বার্লি প্রভৃতি, **(৪)** ডাল — মুগ, মসুর, ছোলা, মটর, অড়হর, কলাই, খেসারি প্রভৃতি, **(৫)** সরিষার তৈল ও তিল তৈল।

# শ্রীচৈতন্য-সারস্বত মঠ (ভারতীয়কেন্দ্রসমহূ)

— ঃ সর্ব্ব প্রধান কেন্দ্র ঃ—

কোলেরগঞ্জ, নবদ্বীপ, নদীয়া, পশ্চিমবঙ্গ,

পিন নং—৭৪১৩০২, **ফোন—+৯১ ৯৬০৯৩ ০২৩১০**

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

নৃসিংহপল্লী (দেবপল্লী), স্বুবর্ণবিহার, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সংঘ**

৪৯১ দমদম পার্ক, কলিকাতা ৭০০ ০৫৫

**শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সংঘ**

কৈখালি চিড়িয়ামোড়, উত্তর চব্বিশ পরগণা,

এয়ারপোর্ট, কলিকাতা ৭০০ ০৫২

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

বিধবা আশ্রম রোড্, গৌরবাটসাহী, পুরী

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

১১৩ সেবাকুঞ্জ রোড্, বৃন্দাবন, মথুরা

**শ্রীলশ্রীধরস্বামী সেবাশ্রম**

দশবিসা, গোবর্দ্ধন, মথুরা, উত্তর প্রদেশ

**শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সংঘ**

বীরচন্দ্রপুর, বীরভূম, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

হায়দার পাড়া, নিউ পাল পাড়া,

১৫৫ নেতাজী সরণী, শিলিগুড়ি-৬

**শ্রীচৈতন্য-সারস্বত সেবাসদন**

চকফুলডুবি, সাগর, দক্ষিণ ২৪ পরগণা

**শ্রীচৈতন্য-সারস্বত সেবাশ্রম**

গঙ্গাসাগার, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

ভঞ্জিপুর, তারকেশ্বর, হুগলী, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

মেঝিয়ারী, পূর্ব বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

**শ্রীশ্রীধরস্বামী ভক্তিযোগ কালচারাল সেন্টার**

(মহিলা আশ্রম)

শাশপুর, কালনা, বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

জানাপাড়া, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর

**শ্রীচৈতন্য-সারস্বত আশ্রম**

হাপানিয়া, পূর্ব বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত শ্রীধর গোবিন্দ সেবাশ্রম**

বামুনপাড়া, খাঁপুর, পূর্ব বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত সংকীর্ত্তন মহামণ্ডল**

নাদনঘাট, বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

মাহাদিয়া, কান্দী, মুর্শীদাবাদ, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত সংকীর্ত্তন মহামণ্ডল**

ইসলামপুর, মুর্শীদাবাদ, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত সংকীর্ত্তন মহামণ্ডল**

বকুলতলা, ফলতা, দক্ষিণ ২৪ পরগণা

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ**

কাজিয়াখালী, উলুবেড়িয়া, হাওড়া, পশ্চিমবঙ্গ

**শ্রীচৈতন্য-সারস্বত গোবিন্দ সেবাশ্রম**

ক্ষেত্রনাথতলা, চৈৎপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

"বৈষ্ণবের গুণ-গান　　করিলে জীবের ত্রাণ
শুনিয়াছি সাধুগুরুমুখে"

"ভক্তপাদধূলি আর ভক্তপাদ-জল।
ভক্তভুক্ত-শেষ তিন সাধনের বল॥"

"গুরু, বৈষ্ণব, ভগবান্—
তিনের স্মরণে হয় বিঘ্নবিনাশন।
অনায়াসে হয় নিজ বাঞ্ছিতপূরণ॥"

ঠাকুর বৈষ্ণব পদ　　অবনীর সুসম্পদ
শুন ভাই হঞা এক মনে।
আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণে॥
বৈষ্ণব চরণ-জল　　প্রেমভক্তি দিতে বল
আর কেহ নহে বলবন্ত।
বৈষ্ণব চরণ-রেণু　　মস্তকে ভূষণ বিনু
আর নাহি ভূষণের অন্ত॥
তীর্থজল পবিত্র গুণে　　লিখিয়াছে পুরাণে
সে সব ভক্তির প্রবঞ্চন।
বৈষ্ণবের পাদোদক　　সম নহে এই সব
যাতে হয় বাঞ্ছিত পূরণ॥
বৈষ্ণব সঙ্গেতে মন　　আনন্দিত অনুক্ষণ
সদা হয় কৃষ্ণ পরসঙ্গ।
দীন নরোত্তম কান্দে　হিয়া ধৈর্য্য নাহি বান্ধে
মোর দশা কেন হৈল ভঙ্গ॥

## ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিনির্ম্মল আচার্য্য মহারাজের মুখনিঃসৃত বাণী :

“যে বৈষ্ণব পঞ্জিকায় উল্লেখ হয় তাঁর সম্বন্ধে কিছু না জানলেও তাঁকে তাঁর তীথিতে ‘জয়’ দেবেন। আমাদের সব সময় সমস্ত বৈষ্ণবগণের তিরোভাব ও আবির্ভাব তিথি স্মরণ করতে হবে। ওই পরম বৈষ্ণবগণকে, মহাপুরুষগণকে স্মরণ করা আমাদের পরমার্থিক জীবনে মঙ্গল আনবে।

সব সময় পঞ্জিকা দেখতে হবে। কোন তিথি দেখলে, যদিও আমরা ওই বৈষ্ণবের সম্বন্ধে কিছু জানি না, আমরা অন্ততপক্ষে তাঁকে ‘জয়’ দিতে পারি— সেটাও আমাদেরকে কিছু সুকৃতি, কিছু পরিশোধন দেবে। সকালে উঠে আগে পঞ্জিকা দেখে ভক্তগণের নাম উচ্চারণ করতে পারলে সেটা সমস্ত ভক্তগণের জন্য খুব ভালো হয়।

ঘুম থেকে উঠে পঞ্জিকা দেখবেন, গুরু-বৈষ্ণবগণকে ‘জয়’ দেবেন। সকাল উঠে সব সময় গুরু-বৈষ্ণবগণকে প্রণাম করবেন, সব সময় তাঁদেরকে ‘জয়’ দেবেন। তাঁদেরকে শ্রদ্ধা ও সম্মান করতে হবে। কার আজকে আবির্ভাব বা তিরোভাব, সব সময় পঞ্জিকায় দেখবেন। উৎসব করতে না পারলে, অন্ততপক্ষে আপনারা তাঁদেরকে ‘জয়’ দিতে পারেন। তাদ্দ্বারা আপনাদের মঙ্গল হবে। আমাদের সব সময় বৈষ্ণবের মুখনিঃসৃত বাণী স্মরণ করতে হবে, তাহলে আমাদের কিছু মঙ্গল হবে। তাদ্দ্বারা আমরা কিছু পরমার্থিক আমানত রক্ষা করতে পারব।”